



5 এপ্রিল, 2024

প্রিয় পরিবারবর্গ:

আমরা আপনাকে অবহিত করতে লিখছি যে, **সোমবার, 8 এপ্রিল**, নিউ ইয়র্ক সিটি এলাকায় আংশিক সূর্যগ্রহণ শুরু হবে আনুমানিক দুপুর 2:00 p.m.-এ। একটি সূর্যগ্রহণ ঘটে যখন চাঁদ সূর্য এবং পৃথিবীর মাঝে চলে আসে। সূর্যগ্রহণের সময় এটি একটি ছায়া ফেলে যা আকাশ অন্ধকার করে ফেলতে পারে, কারণ আনুমানিক 3:25 p.m. পিক কভারেজের সময়, NYC-এলাকায় সূর্য প্রায় 90% ঢেকে।

এটা যদিও স্কুল ছুটির সময়ের সাথে মিলে যাচ্ছে, অনুগ্রহ করে জেনে রাখবেন যে স্কুল ছুটির কোনো পরিবর্তন হবে না এবং আফটার স্কুল প্রোগ্রামগুলো কার্যকর থাকবে। এছাড়াও অনুগ্রহ করে পুরো এলাকা জুড়ে ট্রাফিক বৃদ্ধির জন্য প্রস্তুত থাকবেন এবং এই সময়টিতে গাড়ি চালানোর পরিবর্তে গণ-পরিবহন ব্যবহারের বিষয়টি বিবেচনা করুন।

যদি আপনি ও আপনার পরিবার সূর্যগ্রহণ দেখার পরিকল্পনা করে থাকেন, তবে অনুগ্রহ করে যথাযথ, বিশেষায়িত চোখের সুরক্ষা ব্যবহার করে নিরাপদে দেখতে ভুলবেন না। সাধারণ সানগ্লাস ও অন্যান্য ফিল্টার সূর্য গ্রহণের চশমার নিরাপদ প্রতিস্থাপক নয়। সরবরাহ শেষ না হওয়া পর্যন্ত ব্রুকলিন পাবলিক লাইব্রেরি, কুইন্স পাবলিক লাইব্রেরি, এবং নিউ ইয়র্ক পাবলিক লাইব্রেরিতে চশমা পাওয়া যাবে। সরবরাহ লভ্য আছে কিনা তা নিশ্চিত করতে আগে থেকে ফোন করার পরামর্শ দেয়া হচ্ছে। অনুগ্রহ করে সতর্কতা অবলম্বন করুন, ভিতরেই হোক কী বাহিরে, কারণ সূর্যের দিকে সুরক্ষা ছাড়া তাকালে চোখের রং দেখার সক্ষমতা নষ্ট হতে পারে, দৃষ্টিশক্তি হারাতে পারে, অথবা এমনকি স্থায়ী অন্ধত্ব হতে পারে।

সূর্যগ্রহণের সময় চোখের সুরক্ষা সম্পর্কে আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ হেলথ-এর নির্দেশনা দেখুন: <https://www.nyc.gov/site/doh/about/press/pr2024/solar-eclipse-safety-precautions.page>.

বিনীত,

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্